# স্নাতকোত্তর পাঠক্রম ( P. G.)

**শিক্ষাবর্ষান্ত পরীক্ষা** ( Term End Examination ) :

**ডিসেম্বর, ২০১৪ / জুন, ২০১৫**

# বাংলা ( Bengali )

**সপ্তম পত্র – গ ( 7C Paper : Bangladesher Sahitya )**

**সময় ঃ চার ঘণ্টা** **পূর্ণমান ঃ ১০০**

( মানের গুরুত্ব ঃ ৮০% )

**পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।**

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪৫০ শব্দে) ঃ

১৮ × ২ = ৩৬

(ক) শামসুর রাহমানের কবিকৃতি সম্পর্কে আলোচনা করে তাঁর রচিত যে-কোনো একটি কবিতার মর্মার্থ বিশ্লেষণ করুন।

(খ) ‘লালসালু’ উপন্যাসে নায়ক মজিদ ও আওয়ালপুরের পীরের যে সংঘাত বর্ণিত হয়েছে তার পরিচয় দিন। এই সংঘাত কেমনভাবে উপন্যাসের শিল্প সার্থকতার সহায়ক হয়েছিল সে সম্পর্কে লিখুন।

 [ পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য



(গ) রাষ্ট্রীয় বিপর্যয়ের পরিপ্রেক্ষিতে ‘কি চাহ শঙ্খচিল’ নাটকটি লেখা হলেও এই নাটকের ট্র্যাজিক ভাবরূপটি এসেছে সামাজিক অবক্ষয়ের অনুষঙ্গে — আলোচনা করে দেখান।

(ঘ) ‘ক্রীতদাসের হাসি’ উপন্যাসে হারুণ-অল-রশিদ একদিকে স্বৈরাচারী শাসক অন্যদিকে নিঃসঙ্গ ও হতাশ এক মানুষ — এই দ্বিবিধ সত্তার দ্বন্দ্বরূপ বিশ্লেষণ করে দেখান।

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) ঃ

১২ × ৩ = ৩৬

(ক) ‘কবর’ নাটকের রাজনৈতিক পটভূমিটি আলোচনা করে নাটকটির কাহিনিগত অভিনবত্ব সম্পর্কে আপনার অভিমত দিন।

(খ) সিকান্দার আবু জাফরের ‘সংগ্রাম চলবেই’ কবিতাটির ভাববস্তু বিশ্লেষণ করুন।

(গ) বিশিষ্ট প্রাবন্ধিক আনিসুজ্জামানের ‘স্বরূপের সন্ধানে’ প্রবন্ধটির মূল বক্তব্য কী ? প্রাবন্ধিকের লিখনশৈলীর বিশিষ্টতা সম্পর্কে সংক্ষেপে লিখুন।

(ঘ) ‘নীল ময়ূরের যৌবন’ উপন্যাসের গ্রন্থনাম ও পরিচ্ছেদনামের তাৎপর্য বিশ্লেষণ করুন।

(ঙ) পুঁজিবাদী সমাজব্যবস্থায় সাংস্কৃতিক আন্দোলনের লক্ষ্য কী হওয়া উচিত, বদরুদ্দীন উমরের 'সংস্কৃতি ও সাংস্কৃতিক আন্দোলনের লক্ষ্য' প্রবন্ধ অবলম্বনে লিখুন।

(চ) 'সোনালি কাবিন' কবিতাটি কার লেখা ? কবিতার মূল ভাববস্তুর সংক্ষিপ্ত পরিচয় দিয়ে আল মাহমুদের কাব্যাঙ্গিকের বিশিষ্টতা সম্পর্কে লিখুন।

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন ঃ

৭ × ৪ = ২৮

(ক) নারীর প্রেম সম্পর্কে তাতারীর উপলব্ধিগুলি কী ? লিখুন।

(খ) 'লালসালু' উপন্যাসের খালেক ব্যাপারী চরিত্রটির সংক্ষিপ্ত পরিচয় দিন।

(গ) ''আমার লালনের মৃত্যুর সাথে সাথে আমার সব বৈভব, সব ঐশ্বর্য, সব নীরবতা যে হিম হয়ে গেছে'' — একথার তাৎপর্য কী ?

(ঘ) ''সব রচনা সর্বজনগ্রাহ্য সাহিত্য হয় না''— কেন ? প্রসঙ্গ নির্দেশ করে সংক্ষেপে লিখুন।

(ঙ) ''পৃথিবীর দীর্ঘস্থায়ী মহামারীর নাম বিশ্বাস'' — কেন ?





(চ) প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা করুন ( যে-কোনো **একটি** ) :

অ) 'তোমাদের হিসেবী খাতায়
বীর নেই শহীদ রয়েছে শুধু।'

আ) ''একদিন যাকে আমি ভালোবাসিতাম — কথাটা সম্পূর্ণ মিথ্যা
ভালোবাসিতাম মানে ভালোবাসি, ভালোবাসা চিরবর্তমান।''

(ছ) 'কী চাহ শঙ্খচিল' নাটকে শঙ্খচিল কীসের প্রতীক ?

(জ) 'ক্রীতদাসের হাসি' শিরোনামের ব্যঞ্জনা কী ?